ADDYSG CYMRU
EDUCATION WALES
cenhadaeth ein cenedl | our national mission

Llywodraeth Cymru
Welsh Government

ওয়েলসের জন্য পাঠ্যক্রমের একটি নির্দেশিকা



এই নির্দেশিকা hwb.gov.wales ওয়েবসাইটে আরও ১৮টি ভাষায় উপলব্ধ

শিক্ষা ব্যবস্থা বদলে যাচ্ছে

প্রতিনিয়ত সারা বিশ্বের পরিবর্তন হচ্ছে এবং আমাদের নতুন ভাবনাচিন্তার সঙ্গে প্রযুক্তির সৃজনশীল ব্যবহারের প্রয়োজন।

এই চ্যালেঞ্জগুলি মোকাবিলার জন্য ওয়েলস সরকার আপনার সন্তানের জীবনে সর্বোচ্চ সাফল্য অর্জন করতে তার জ্ঞান, দক্ষতা এবং শিক্ষাগত অভিজ্ঞতা কতটা রয়েছে তা নিশ্চিত করতে চায়।

আপনার সন্তানের স্কুলে **শিক্ষকরা এই পাঠ্যক্রমটি ডিজাইন করছেন**। সে ক্ষেত্রে শিশুরা কী শিখবে তার পরিকল্পনা করতে সাহায্য করার জন্য অন্যান্য শিক্ষকের লেখা নির্দেশিকা ব্যবহার করছেন তাঁরা।

সমস্ত **শিশুর জন্যই পাঠ্যক্রমটি ডিজাইন** করা হয়েছে। এটি আপনার সন্তানকে বাস্তব জীবনের নানা উদাহরণের মাধ্যমে সৃজনশীল পাঠে সহায়তা করবে। তাদের প্রয়োজন অনুসারে তৈরি এই পাঠ্যক্রম তাদের সম্পূর্ণ সম্ভাবনায় পৌঁছাতে সাহায্য করবে।

আজ গোটা পৃথিবী সংযুক্ত, তাই তারা যা শিখবে সেগুলি আরও সংযুক্ত ভাবে তৈরি। জ্ঞান সত্যিই গুরুত্বপূর্ণ এবং **দ্রুত পরিবর্তনশীল বিশ্বের সঙ্গে মানিয়ে** চলার জন্য যে দক্ষতা এবং অভিজ্ঞতা প্রয়োজন সেটাও তাদের দেওয়া হবে।

স্কুল আপনার সন্তানকে যা যা হতে সহায়তা করছে:

- একজন উচ্চাকাঙ্ক্ষী এবং সক্ষম শিক্ষার্থী যে সারা জীবন শিখতেপ্রস্তুত
- একজন উদ্যোগী এবং সৃজনশীল অবদানকারী যে ব্যক্তিগত জীবন এবং কর্মক্ষেত্রে সম্পূর্ণ ভূমিকা পালন করতে প্রস্তুত
- একজন নৈতিক ও সচেতন নাগরিক যে ওয়েলস এবং সারা বিশ্বের ক্ষেত্রেও অংশ নিতে প্রস্তুত, এবং
- একজন সুস্থ ও আত্মবিশ্বাসী ব্যক্তি যে সমাজের একজন মূল্যবান সদস্য হিসেবে পরিপূর্ণ জীবনযাপন করতে প্রস্তুত।

এগুলো হলো পাঠ্যক্রমের ‘চারটি উদ্দেশ্য’।

শেখা এবং অভিজ্ঞতা লাভের ক্ষেত্রসমূহ

সাক্ষরতা, সংখ্যার জ্ঞান এবং ডিজিটাল দক্ষতার মতো **শেখার এবং অভিজ্ঞতা লাভের ছয়টি মূল ক্ষেত্র রয়েছে**। আপনার সন্তান যা কিছু শিখবে তা এই ক্ষেত্রগুলির সঙ্গে জড়িত।

এই পাঠ্যক্রমে আরও যা যা অন্তর্ভুক্ত রয়েছে:

- মানবাধিকার
- বৈচিত্র্য এবং পার্থক্যগুলিকে সম্মান জানানো
- কর্মজীবন এবং কর্মক্ষেত্রের জন্য অভিজ্ঞতা এবং দক্ষতা লাভ
- স্থানীয়, জাতীয় এবং আন্তর্জাতিক প্রেক্ষাপট সম্পর্কে শেখা
- উন্নয়নমূলকভাবে উপযুক্ত সম্পর্ক এবং যৌনতা শিক্ষা।

শেখা এবং অভিজ্ঞতা লাভের ক্ষেত্রসমূহ

আর্ট, নৃত্য, নাটক, চলচ্চিত্র, ডিজিটাল মিডিয়া এবং সঙ্গীতে নিজেদের ভালো লাগা খোঁজার মাধ্যমে আপনার সন্তানেরা তাদের সৃজনশীল, শৈল্পিক এবং পরিবেশনের দক্ষতা বিকাশ করবে, এটিই হলো **অভিব্যক্তিমূলক আর্টস**।

হিউম্যানিটিসে তারা সারা পৃথিবী, সমাজ এবং অতীত ও বর্তমানের নানাবিধ ঘটনা সম্পর্কে শিখবে। ভবিষ্যতে পৃথিবী এবং মানবসমাজকে রক্ষা করার জন্য আমরা কী নৈতিক পদক্ষেপ নিতে পারি সে সম্পর্কে এবং যে সব চ্যালেঞ্জ ও সুযোগগুলির সম্মুখীন আমরা হয়েছি সেগুলিও তারা জানবে।

গণিত এবং সংখ্যা বিষয়টিতে আপনার সন্তান সংখ্যা সম্পর্কে আরও কিছু জানবে এবং গণিতে প্রতীক বা চিহ্নের ব্যবহার করবে। তারা আকার—আকৃতি এবং মাপজোকের পাশাপাশি পরিসংখ্যান এবং সম্ভাব্যতা সম্পর্কে জানবে।

স্বাস্থ্য এবং সুস্থ থাকা হলো তাদের শারীরিক এবং মানসিক স্বাস্থ্যের যত্ন নেওয়ার পাশাপাশি আবেগ অনুভূতির খেয়াল রাখা। অনলাইন এবং অফলাইন দুই মাধ্যমেই কীভাবে নিজেকে সুরক্ষিত রাখতে হয়, প্রভাব বা প্ররোচনা মোকাবিলা করা এবং স্বাস্থ্যকর সম্পর্ক গড়ে তোলার পাশাপাশি স্বাস্থ্যকর খাবার খাওয়ার ব্যাপারেও তাদের শেখানো হবে।

ভাষা, **সাক্ষরতা এবং জ্ঞাপন বিষয়টি** আপনার শিশুকে নানারকম ভাষা সম্পর্কে শিখাবে। প্রাথমিক বিদ্যালয় থেকেই তারা ওয়েলশ, ইংরেজি এবং অন্তত একটি পৃথক ভাষা বুঝে নিয়ে তা ব্যবহার করবে। যোগাযোগের ক্ষেত্রে তাদের দক্ষতা বাড়ানোর পাশাপাশি তারা তাদের নিজস্ব গল্প, কবিতা এবং অভিনয় তৈরি করা এভং সাহিত্য সম্পর্কেও শিখবে।



বিজ্ঞান ও প্রযুক্তিতে আপনার শিশু জীববিজ্ঞান, রসায়ন, পদার্থবিদ্যা এবং কম্পিউটার বিজ্ঞান শিখবে। ডিজাইন, ইঞ্জিনিয়ারিং, জীবন্ত জিনিস, পদার্থ, শক্তি, বল এবং কম্পিউটার কীভাবে কাজ করে সে সম্পর্কে তারা শিখবে।

কী গুরুত্বপূর্ণ

এখন এবং আগামী দিনে বড় হওয়ার পর যেসব জিনিস আপনার সন্তানের কাছে গুরুত্বপূর্ণ হবে সেগুলির উপরই তাদের মন দেওয়া উচিত।

শেখার এবং অভিজ্ঞতা লাভের প্রতি ক্ষেত্রে **রয়েছে গুরুত্বপূর্ণ বিবৃতি** যা সব বয়সের শিশুদের পৃথক ভাবে শিখতে ও বুঝতে সাহায্য করে। এগুলি আপনার সন্তানকে সে কী শিখছে এবং কীভাবে বিষয়গুলি একে অপরের সঙ্গে ও কর্মক্ষেত্র এবং সাধারণত ব্যক্তিগত জীবনের সঙ্গে সম্পর্কযুক্ত সে ব্যাপারে ভাবতে ও বুঝতে সাহায্য করে। যেহেতু এগুলি বোঝার ক্ষমতা এবং দক্ষতা বাড়ায় তাই এগুলি আপনার সন্তানকে প্রতি বছর উন্নতি করতে সহায়তা করে।

আপনার সন্তানের জীবনভরের নানা গুরুত্বপূর্ণ দক্ষতা শেখার আরও সুযোগ রয়েছে যা তাকে সাহায্য করবে:

- তাদের চারপাশের সবকিছু প্রশংসা করতে
- প্রশ্ন জিজ্ঞাসা, প্রমাণ খুঁজতে, সিদ্ধান্ত নিতে এবং সমস্যার সমাধান করতে
- অন্বেষণ, যোগাযোগ, নানা পরিকল্পনা করা এবং সমাধানের খোঁজ করা
- প্রাণোচ্ছল মনোভাব তৈরি করা এবং সুস্থ থাকার প্রবণতা
- অন্যদের সঙ্গে কাজ করা এবং
- শিক্ষালাভ, কাজ এবং উদ্যোগী হওয়ার অর্থপূর্ণ অভিজ্ঞতার ভিত্তিতে তাদের ভবিষ্যত কর্মজীবন সম্পর্কে

এটি কীভাবে কাজ করে তার একটিউদাহরণ

বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে শেখা ও অভিজ্ঞতা লাভের একটি গুরুত্বপূর্ণ বিবৃতি হলো:

'আমাদের চারপাশের পৃথিবী জীবিত জিনিসে পরিপূর্ণ যা বেঁচে থাকার জন্য একে অপরের উপর নির্ভরশীল।'

এটি যখন আপনার সন্তান শিখবে, তারা এই বিষয়ে বিভিন্ন উপায়ে চিন্তা করবে, যেমন:

- আমি জানি যে অনেক প্রাণী আছে যারা বিপন্ন।
- আমি বুঝি যে আমি যা করি তা পরিবেশ, মানুষ এবং প্রাণীদের উপর প্রভাব বিস্তার করে।
- পরিবেশ, মানুষ এবং প্রাণীদের উপর আবহাওয়া পরিবর্তনের যে প্রভাব পড়ছে আমি সেগুলি কমানোর উপায়গুলি চিহ্নিত করতে পারি।

শেখার এমন এক পদ্ধতি যা আপনার সন্তানের ক্ষেত্রে কার্যকর

এই পাঠ্যক্রমটি আপনার সন্তানের জ্ঞান, দক্ষতা এবং অভিজ্ঞতার বিকাশ ঘটাতে সাহায্য করার জন্য জিজাইন করা।

তারা এইভাবে এগিয়ে যাবে:

- তারা আরও শিখবে
- বিভিন্ন জিনিস সম্পর্কে তাদের উপলব্ধি আরও গভীর হবে
- তাদের জ্ঞাপন ক্ষমতা বৃদ্ধি পাবে এবং
- তাদের অন্য দক্ষতা আরও উন্নত হবে।

কিছু কিছু সময় এমন হতে পারে যখন তারা:

- দ্রুত এগিয়ে যাবে বা
- তারা একটি বিষয় বোঝার জন্য বা তাদের নতুন কোনও আগ্রহের বিষয় আবিষ্কার করার জন্য ধীরে ধীরে এগোবে।

বয়স এবং কে কতটা শিখছে এই দুটি বিষয় সম্পর্কযুক্ত নাও থাকতে পারে। এটি সবার ক্ষেত্রে একইরকম ভাবে বা সবার জন্য একই সময়ে ঘটবে না।

মূল্যায়ন

আপনার সন্তানের শেখার ক্ষেত্রে প্রতিদিনের অংশ হবে মূল্যায়ন।

তারা কতটা ভালো পড়াশোনা করছে তা বোঝার জন্য তারা তাদের শিক্ষকদের সঙ্গে কাজ করবে। তাদের এ সব ব্যাপারে সাহায্য করতে এটি গুরুত্বপূর্ণ:

- তারা তাদের শিক্ষালাভের কোন পর্যায়ে আছে তা দেখতে
- তাদের পরবর্তী শেখার পদক্ষেপের পরিকল্পনা করতে
- কোনও সমস্যা হচ্ছে কিনা বা তাদের আরও সহায়তা প্রয়োজন কিনা তা বুঝতে

এবং তাদের শিক্ষকদের সাহায্যার্থে:

- তাদের চ্যালেঞ্জ করার উপায় খুঁজে বের করা
- ছাত্রছাত্রীরা কতটা ভালো করছে তা দেখা।

আপনার সন্তান এগিয়ে যাওয়ার জন্য প্রয়োজনীয় সহায়তা পাচ্ছে কিনা তা নিশ্চিত করতে স্কুলও আপনার সঙ্গে এ ব্যাপারে কাজ করবে।

ভবিষ্যতের জন্য কতটা যোগ্য

আপনার সন্তান 14 থেকে 16 বছর বয়সের মধ্যে যে যোগ্যতা অর্জনের জন্য পড়াশোনা করছে সেগুলি এই পাঠ্যক্রমের সঙ্গে সাযুজ্য রেখে তৈরি করা হবে।

ভবিষ্যতে, আমাদের এখন যে যোগ্যতা রয়েছে, সেই অনুযায়ী অন্যান্য বিষয়ও থাকতে পারে।

বিভিন্ন পদ্ধতিতে মূল্যায়ন করা হবে, উদাহরণস্বরূপ, ডিজিটাল প্রযুক্তিও ব্যবহার করা যেতে পারে।



আপনি, আপনার সন্তান এবং কমিউনিটির সকলের জন্য স্কুলের পাঠ্যক্রমের উন্নয়নে সাহায্য করার সুযোগ রয়েছে।

স্কুলে ও বাড়ি উভয় জায়গায় সবাই মিলে একসঙ্গে কাজ করলে আপনার সন্তানের সর্বোত্তম শিক্ষালাভ হবে এবং তাকে ভবিষ্যতের জন্য প্রস্তুত করতেও সাহায্য করবে।

নতুন পাঠ্যক্রম সম্পর্কে আরও জানতে, আপনার সন্তানের শিক্ষকদের জিজ্ঞাসা করুন।

এডুকেশন ওয়েলস ইউটিউব চ্যানেলে ওয়েলসের পাঠ্যক্রম সম্পর্কে শিশু, যুবক এবং সমস্ত পরিবারের জন্য একটি ব্রিটিশ সাইন ল্যাঙ্গুয়েজ (বিএসএল) ভিডিয়ো পাওয়া যাচ্ছে, একইসঙ্গে বিএসএল মাধ্যমে পাঠ্যক্রমও উপলব্ধ রয়েছে।

আপনি আরও তথ্য অ্যাক্সেস করতে পারেন

@WG_Education
@edubeginsathome

@Educationwales
@beginsathome